ভোরের কাগজ

তারিখ 22 MAR 2003 পৃষ্ঠা ৭

## নেত্রকোনায় শিক্ষা প্রতিমন্ত্রী

# নকলমুক্ত হলে শিক্ষকদের পুরস্কার দেওয়া হবে

কাগজ প্রতিবেদক : নেত্রকোনা জেলাবাসী আসন্ন পাবলিক পরীক্ষাসমূহ নকলমুক্ত পরিবেশে গ্রহণ করতে ব্যাপকভাবে সাড়া দিয়েছে। গত বৃহস্পতিবার নেত্রকোনা জেলার ডিসি, এসপি, উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিভিন্ন স্কুলের শিক্ষকদের এক মতবিনিময় সভায় এ অঙ্গীকার ব্যক্ত করা হয়। এ মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বলেন, নেত্রকোনা জেলা নকলমুক্ত হলে শিক্ষকদের পুরস্কারের ব্যবস্থা করা হবে। তাই আসন্ন পাবলিক পরীক্ষাসমূহ নেত্রকোনায় নকলমুক্ত পরিবেশে হবে বলে শিক্ষা প্রতিমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন।

মতবিনিময় সভার পূর্বে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ-এর নেতৃত্বে উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে থেকে নকল বিরোধী র‍্যালি বের করা হয়। র‍্যালিতে স্কুলের শত শত ছাত্র-ছাত্রী ও শিক্ষকবৃন্দ এবং জেলার ডিসি, এসপি, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা অফিসারগণ অংশ নেন। র‍্যালি থেকে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের স্লোগান দেওয়া হয়। পরে র‍্যালিটি শহরের সুলতান শাহ রোড, মোক্তারপাড়া এলাকা প্রদক্ষিণ করে পৌরসভার মহুয়া অডিটোরিয়ামে আয়োজিত মতবিনিময় সভাস্থলে গিয়ে শেষ হয়।

জেলার দায়িত্বপ্রাপ্ত ডিসি আতিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন, বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সাংসদ ডা. মোহাম্মদ আলী। এছাড়াও বক্তব্য রাখেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ, জেলার এসপি বাহারুল আলম, বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের সচিব ও শিক্ষকগণ।

শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বলেন, যে কোনো উপায়ে পাবলিক পরীক্ষায় নকল বন্ধ করতে হবে। এই নকলের কারণেই সমাজের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি পৌঁছে গেছে। নকল বন্ধ হলে দুর্নীতিও ক্রমান্বয়ে বন্ধ হবে।

সাংসদ ডা. মোহাম্মদ আলী চ্যালেঞ্জ দিয়ে বলেছেন, আসন্ন পরীক্ষায় নেত্রকোনা জেলায় কোনো নকল হবে না এবং কোনো ছাত্রছাত্রীকে নকলের টুকরো নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।